



জুলাই গণঅভ্যুত্থান উপলক্ষে এনসিপির মাসব্যাপী কর্মসূচি



এনসিপির সংবাদ সম্মেলনে হাসনাত আব্দুল্লাহ। ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থানের দ্বিতীয় বর্ষপূর্তি সামনে রেখে আগামী ১ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত ৩৬ দিনের কর্মসূচি ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। রাজধানীতে সোমবার (২৯ জুন) আয়োজিত এক সংবাদ সম্মেলনে দলের দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ কর্মসূচির বিস্তারিত তুলে ধরেন। দলটির ঘোষিত সূচি অনুযায়ী, ১ জুলাই রায়েরবাজার বধ্যভূমিতে কবর জিয়ারতের মাধ্যমে কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা হবে। একই দিনে ফ্যাসিবাদবিরোধী ছাত্র সংগঠনগুলোর সংহতি সভা এবং বিচার ও গণভোট বাস্তবায়নের দাবিতে মাসব্যাপী পদযাত্রার পরিকল্পনা প্রকাশ করা হবে।

জুলাই মাসজুড়ে গ্রাফিতি, দেয়াল লিখন, ব্যানার-ফেস্টুন প্রদর্শন, 'জুলাই স্মৃতি' ফুটবল টুর্নামেন্ট, শহীদদের কবর জিয়ারত, দোয়া ও মোনাজাত, কফিন মিছিল এবং 'প্রাইভেট ইউনিভার্সিটি রেজিস্ট্রার্স ডে' পালনের কর্মসূচি রয়েছে। পাশাপাশি বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণে আলোচনা সভা, স্মৃতিচারণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও যুব কনভেনশনের আয়োজন করা হবে।

আগস্টের কর্মসূচিতে থাকছে 'দেশপ্রেমের ইউনিফর্ম', 'জুলাইয়ের দ্রোহযাত্রা', গণঅভ্যুত্থান স্মরণিকা প্রকাশ, 'জনতার এক দফা', শহীদ ও আহত পরিবারের সঙ্গে মতবিনিময় এবং ৫ আগস্ট 'বিজয়ের উল্লাস' কর্মসূচি।